# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours Part-III Examination, 2021

## বাংলা

### ষষ্ঠ পত্র

**সময় : ২ ঘণ্টা** **পূর্ণমান : ৫০**

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

**৬নং প্রশ্ন এবং অন্য যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও**

১। ‘পুতুলনাচের ইতিকথা’ নামকরণের মধ্যে লেখকের বহুমাত্রিক জীবনভাবনা ও শিল্পচেতনার যে পরিচয় পাওয়া যায় তা বিশ্লেষণ করো। ১৫

**অথবা**

“বাংলা উপন্যাসে আধুনিক জীবন বিন্যাসের দিক থেকে ‘পুতুলনাচের ইতিকথা’র নায়ক এক অনন্য চরিত্র।” — এই উক্তিটির আলোকে শশী চরিত্রটি বিশ্লেষণ করো। ১৫

২। ‘অরণ্যের অধিকার’ উপন্যাসটি ব্রিটিশ সরকার ও সমকালীন ফিউডাল ব্যবস্থার বিরুদ্ধে নিম্নবর্গের মানুষের বিদ্রোহের দলিলে আলোচনা করো। ১৫

**অথবা**

‘স্বাধিকারবোধ ও বিপ্লবেরই আর এক নাম ধানী মুন্ডা।’ — চরিত্রটি বিশ্লেষণ করে তোমার অভিমত ব্যক্ত করো। ১৫

৩। ‘হালদার গোষ্ঠী’ গল্পে বনোয়ারী চরিত্রটিকে সমকালীন যুগভাবনার নিরিখে বিচার করো। ১৫

**অথবা**

রবীন্দ্রনাথের ‘একরাত্রি’ গল্পের শেষে আছে — “আমি এই এক রাত্রে মহাপ্রলয়ের তীরে দাঁড়াইয়া অনন্ত আনন্দের আস্বাদ পাইয়াছি।” — মহাপ্রলয়ের তীরে দাঁড়িয়ে অনন্ত আনন্দের আস্বাদন কীভাবে সম্ভব – ‘একরাত্রি’ গল্প অবলম্বনে তা আনুপূর্বিক ব্যাখ্যা করো। ১৫

৪। রোমান্স রসপুষ্ট গল্প হিসেবে ‘মেঘমল্লার’ গল্পটির সার্থকতা বিচার করো। ১৫

**অথবা**

নারায়ণ গঙ্গোপাধ্যায়ের ‘টোপ’ গল্প অবলম্বনে সামন্তপ্রভু রাজাবাহাদুরের আধিপত্যবাদী হিংস্র অমানবিক চরিত্রের স্বরূপ উদ্‌ঘাটন করো। ১৫

৫। একদিকে সামাজিক অর্থনৈতিক অসহায়তা, অন্যদিকে ভদ্রলোক হওয়ার দায়, রেখা-কাঞ্চনের সংকটকে তীব্রতর করে তুলেছে। — এই মন্তব্যের আলোকে ‘অশ্বমেধের ঘোড়া’ গল্পটি বিচার করো। ১৫

অথবা

"অশুভ কাকটাকে তাড়াবো এবং ঘুম ভেঙে একদিন মানুষ বিস্ময়ে দেখবে সমাজটা পুরো বদলে গেছে।" — এই উদ্ধৃতাংশটির আলোকে 'স্টীলের চঞ্চু' গল্পের অন্তর্নিহিত বক্তব্যের পরিচয় দাও। ১৫

৬।(ক) 'লাল টকটকে করে তাতানো লোহা ফেলে রাখলে তাও আস্তে আস্তে ঠাণ্ডা হয়ে যায়।' — কে কাকে একথা বলেছে ? প্রসঙ্গ উল্লেখ করে বক্তব্যটির অন্তর্নিহিত অর্থ বোঝাও। ১+১+২

অথবা

'চলে না এলে কি করে বুঝতাম ওখানে ওমনিভাবে থাকা ছাড়া আমার গতি নেই ?' — বক্তা কে ? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+৩

(খ) "উলগুলানের শেষ নাই। ভগবানের মরণ নাই।" – 'উলগুলান' শব্দের অর্থ কী ? ভগবান বলতে কাকে বোঝানো হচ্ছে ? উক্তিটির তাৎপর্য বোঝাও । ১+১+২

অথবা

'এখন আর ধিমা-ধিমায় কাজ হবে না।' – 'ধিমা-ধিমা'র অর্থ কী ? তাতে কাজ হবে না কেন ? উক্তিটি কোন্ সংকেত বহন করছে ? ১+২+১

(গ) 'মনে হইল আড়াইশত বৎসরের কৃষ্ণযবনিকা আমার সম্মুখে দুলিতেছে।' – কার কখন এই উপলব্ধি ? বক্তার কীরূপ মানসিকতা এখানে প্রকাশিত ? ২+২

অথবা

'আমি শাস্ত্র মিলিয়ে পতিব্রতাগিরি করতে বসিনি।' – কে কাকে একথা বলেছে ? বক্তার আত্মবিশ্লেষণের মর্মার্থ প্রকাশ করো। ২+২

(ঘ) 'সেদিন অনেকদিন পরে ভাল সিগারেট টেনেছিল সুব্রত, কিন্তু ঠিক যেন আগেকার মত স্বাদ নেই।' — কোন্ গল্পের অংশ ? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৩

অথবা

'আর এই কি আমাদের মেজাজ দেখাবার, গোঁয়ার্তুমি করার সময় ?' – বক্তা কে ? তার রাগের কারণ বিশ্লেষণ করো। ১+৩

(ঙ) 'মদন পেঁপে চারাটা চুরি করে নিয়ে যায়নি। আমার বারবার মনে হচ্ছিল পেঁপে চারাটাই মদনকে আমাদের বাড়ি থেকে চুরি করে নিয়ে গেছে ।' – কার উক্তি ? এর তাৎপর্য বুঝিয়ে দাও। ১+৩

অথবা

'আমি সত্যই ক্রিশ্চান নই গো বাপ।' – কার উক্তি ? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৩

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——